# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৪৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب جَامع المناقب)

আরবী

وَعنهُ قا ل: اسْتَغْفَرَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خمْسا وَعشْرين مرّة. رَوَاهُ التِّرْمِذِيّ

اسناده ضعيف ، رواه الترمذى (3852 وقال : حسن غريب صحيح) * فيه ابو الزبير مدلس و عنعن و اخرج مسلم (ح 715 بعد ح 1599) من حديث ابى الزبير بغير هذا اللفظ وهو الصحيح المحفوظ ـ
(ضَعِيف)

বাংলা

৬২৪৭-[৫২] উক্ত রাবী [জাবির (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমার জন্য পঁচিশবার ক্ষমা প্রার্থনার দু’আ করেছেন। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৮৫২; হাদীসটি যঈফ হওয়ার কারণ আবূয যুবায়র ‘আন দ্বারা হাদীস বর্ণনা করেছে, আর সে মুদাল্লিস বর্ণনাকারী; হিদায়াতু রুওয়াত ৫/৪৮৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮২৪৮, আল মু'জামুস্ সগীর লিত্ব তবারানী ৮৩২, আল মুজামুল আওসাত্ব ৫৮৯৪, আল মুসতাদরাক লিল হাকিম ৬৪০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اسْتَغْفَرَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خمْسا وَعشْرين مرّة) সম্ভবত এ ক্ষমা প্রার্থনা এক

মাজলিসে অথবা একাধিক মাজলিসে হতে পারে। (মিরক্বাতুল মাফাতীহ)।
জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) কোন এক সফরে রাসূল (সা.) -এর সাথে ছিলেন। এক রাতে রাসূল (সা.) তাকে বললেন, তোমার পানি বহনকারী উটটি বিক্রি করো। উটটি পানি বহনের কাজে যুক্ত থাকায় দুর্বল হয়ে পড়েছিল। অতঃপর রাসূল (সা.) তার গায়ে আঘাত করলে তা অভূতপূর্ব দ্রুতগামী হয়ে গেল। রাসূল (সা.) তার কাছে উটটি কিনতে চাইলে, তিনি রসূলের নিকট এ শর্তে বিক্রি করলেন যে, তাকে মদীনায় পৌছে দিতে হবে। আবূন নাযর (রাঃ)-এর সূত্রে ইবনু মাজাহতে বর্ণিত হয়েছে, রাসূল (সা.) বলেন: তুমি কি তোমার পানি বহনকারী উটটি বিক্রি করবে? আল্লাহ তোমাকে ক্ষমা করবেন। মুসনাদে আহমাদ-এর বর্ণনায় সুলায়মান বলেন, আমি জানি না যে, তিনি (সা.) তাকে কতবার (والله يغفرلك) বলেছিলেন।
নাসায়ী’র বর্ণনায় রয়েছে, জাবির (রাঃ) বলেন, উট বিক্রির রাত্রিতে রাসূল (সা.) আমার জন্য পঁচিশবার ক্ষমা প্রার্থনা করেছেন। জাবির (রাঃ)-এর উপনাম আবূ আবদুল্লাহ। তিনি সালিম গোত্রের আনসারী ব্যক্তি ছিলেন। তাকে অধিক হাদীস বর্ণনাকারীদের মধ্যে গণ্য করা হয়। বদর যুদ্ধসহ পরবর্তী সকল যুদ্ধে রসূলের সাথে তিনি অংশগ্রহণ করেন। তাঁর যুদ্ধ সংখ্যা ১৮টি, তাঁর পিতা বদরযুদ্ধে নিহত হন এবং একাধিক মেয়ে রেখে যান, যাদের দেখা-শোনা ও ভরণ-পোষণের দায়িত্ব তিনি নিজে বহন করতেন। এ কারণে রাসূলুল্লাহ (সা.) তার প্রতি সদয় হন ও অনুগ্রহ করেন। (তুহফাতুল আহওয়াযী হা, ৩৮৬৪, মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ৩২৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86223

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন